৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) "কিন্তু যখন বাপ্পাদিত্যের পিতা নাগাদিত্য রাজসিংহাসনে বসে ঘোর অত্যাচার আরম্ভ করলেন..."— নাগাদিত্যের অত্যাচার ও তার পরিণাম বিবৃত করো।

খ) 'খিচুড়ি' কবিতায় যে সব প্রাণীকে নিয়ে সুকুমার রায় জোড়কলম তৈরি করেছেন তাদের একটি তালিকা প্রস্তুত করো। জোড়কলমের নতুন জীবনের যে অনুভূতি তাদের কথায় ও কাজে ব্যক্ত হয়েছে তার পরিচয় দাও। সুকুমার রায় যে সব জোড়কলমের কোনো নাম দিয়ে যাননি, সেগুলির নাম কী কী হতে পারত বলে তুমি মনে করো? ৪+৪+২=১০

গ) 'বাক্সের শোকে পদিপিসি আধখানা হয়ে গেলেন। অত হিরে-মোতি লোকে সারাজীবন কল্পনার চোখেও দেখে না, আর সে কিনা অমন করে কোলছাড়া হয়ে গেল!"— যে বাক্সের শোকে পদিপিসি আধখানা হয়ে গেলেন, সে বাক্স তিনি কোথা থেকে কীভাবে পেয়েছিলেন? বাক্সটি কোলছাড়া হওয়া ও তার উদ্ধার হওয়ার ইতিহাস সংক্ষেপে লেখো। ২+৪+৪=১০

ঘ) খামের উপরের টাইপ, চাবির গর্তের পানের দাগ, রুপো বাঁধানো লাঠি, ঘুমের ওষুধের সংখ্যা— এই সব 'ক্লু'র সাহায্যে ফেলুদা কীভাবে গোলোকধামের চুরি ও খুনের রহস্য উদ্‌ঘাটন করলেন তা সংক্ষেপে ব্যক্ত করো।

———————





# ২০২৪
# বাংলা
## (সাম্মানিক)
## ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## ষষ্ঠ সেমেস্টার
## কোর্স কোড : BENG-H-DSE-T-3
## (বাংলা রূপকথা, শিশু কিশোর ও গোয়েন্দা সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) "আমরা মহারাজের নিমক খেয়েছি, এক বৎসর পর্যন্ত আমরা শত্রুতা করব না, বৎসর শেষ হলে যুদ্ধক্ষেত্রে দেখা হবে"— কারা কেন এ কথা বলেছিল?

খ) "ভীষণ রাগ হল। রেগে মেগে দিদিমার সঙ্গে খাবার ঘরে গিয়ে আমার দাদামশাই যে বড়ো পিঁড়িতে বসতেন তাতে আসন হয়ে বসে..."— কী কী সেদিন খেয়েছিল গল্পের কথক?

গ) সুকুমার রায়ের 'আবোল তাবোল' গ্রন্থটি কবে ও কোন প্রকাশনা থেকে প্রথম প্রকাশিত হয়?

ঘ) 'যে সব লোক পদ্য লেখে' / তাদের ধরে...'— পদ্য লেখার 'অপরাধে' 'শিবঠাকুরের আপনদেশে' লোকজনকে কী-শাস্তি ভোগ করতে হয়?

(পরের পাতায়)

ঙ) ''কিন্তু হায়! শৈলেন তখনও বুঝতে পারেনি এই সামান্য অসাবধানতাটুকুই তাকে হত্যাকারী বলে চিনিয়ে দেবে''— কোন রচনার চরিত্র শৈলেন? তার কোন অসাবধানতার কথা এখানে বলা হয়েছে?

চ) ''বিমান বাণীকান্তের প্রশ্নের উত্তরে বললেন, তুমি তো জানোই ওই ছোট এবং অদ্ভুত বাক্সটি ছাড়া আমি এক পা কোথাও বার হইনে।''— বাণীকান্ত কে? অদ্ভুত বাক্সটিতে কী ছিল?

ছ) ''বাইশ নম্বর খাতার একটা খাতা খুলে সিধু জ্যাঠা খবরটা পড়লেন। ১৯৬২-র খবর। তাতে জানা গেল যে...''—কী জানা গিয়েছিল?

জ) 'সুরেশ্বরের কিন্তু অকাট্য অ্যালিবাই আছে'— সুরেশ্বর কে? 'অ্যালিবাই' বিষয়টি কী?

ঝ) 'যে রাত্রে আপনাদের চতুর্থ বন্ধু উৎপল নাগচৌধুরী নিহত হন, সেদিন আপনারা চারজনে এই ঘরে বসে.....'— ঘরে বসে তারা কী করছিলেন? প্রথম তিন বন্ধুর নাম উল্লেখ করো।

ঞ) 'অতুল কীর্তি রাখল ভবে চণ্ডীদাসের খুড়ো'— খুড়োর অতুল কীর্তিটি সংক্ষেপে লেখো।

ট) 'গোলোকধাম রহস্য' গল্পের শুরুতেই পাওয়া যায় কিছু মহাভারতীয় চরিত্রের উল্লেখ— চরিত্রগুলির নাম লেখো।

ঠ) 'নীলমণিবাবু কালীকিঙ্করকে ফেরৎ পাঠাইয়া দেবু মন্ডলকে আনাইলেন'— কালীকিঙ্কর ও দেবু মন্ডল কে ছিল? তাদের কীসের ব্যবসা ছিল?

ড) 'সেই থেকে বরদাচরণের ঘুম নেই। সঙ্গে অ্যাসিস্ট্যান্ট আর কুকুর নিয়ে সারাদিন...'—বরদাচরণের ঘুম নেই কেন? তার অ্যাসিস্ট্যান্ট ও কুকুরের নাম কী?



ঢ) ''ছেলেদুটিকে বিদায় দেবার সময়ে শিকারী... নিজের কোমরবন্ধ থেকে একখানা ছুরি বের করে বলল...''—কী বলেছিল শিকারী? ছুরিটির বিশেষত্ব কী ছিল?

ণ) 'কারুর যদি গোঁফ গজায় / একশো আনা ট্যাক্সো চায়'— পরের পংক্তিদুটি লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ''গোয়েন্দার শাণিত বুদ্ধি, অদম্য মনোবল ও প্রত্যুৎপন্নমতিত্ব— সবই ছিল তার মধ্যে। কিন্তু স্রষ্টা শীর্ষেন্দু তাঁর প্রিয় বরদাকে বাচ্চাদের মনের একেবারে আপনজনের জায়গায় বসাতে চেয়েছিলেন।''—পাঠ্য গল্প অবলম্বনে মন্তব্যটি বিচার করো।

খ) 'নীলকমল আর লালকমল' গল্পটিতে ভ্রাতৃস্নেহের যে রূপটি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

গ) 'গন্ধবিচার' কবিতায় যেমন শিশুমনের উপযোগী কৌতুকরসের যোগান আছে, তেমনি আছে বড়দের চিন্তার খোরাকও — আলোচনা করো।

ঘ) একটি সামান্য টুনটুনির সঙ্গে রাজামশাইয়ের দ্বন্দ্বের কাহিনি উপেন্দ্রকিশোরের কলমের জাদুতে স্বাদু ও উপভোগ্য হয়ে উঠেছে— মন্তব্যটি পর্যালোচনা করো।

ঙ) 'অচিন পাখি' রহস্য কাহিনিতে তিন অক্ষরের একটি ছোট্ট নাম 'অমলা' কীভাবে সত্য উদ্ঘাটনের চাবিকাঠি হয়ে উঠল তা আলোচনা করো।

চ) ''খুন-খারাপির অস্ত্র মানুষের কোনও কাজে লাগে না। ভালোবাসাই হল আসল অস্ত্র। আর চাই সৎ সাহস।''— নবনীতা দেবসেনের রূপকথার কাহিনিতে এ বার্তা কীভাবে দেওয়া হয়েছে তা তুলে ধরো।



(পরের পাতায়)